দৈনিক জনকণ্ঠ

JAN. 02 2002

# শিক্ষাঙ্গনের সমস্যা–বিশেষজ্ঞদের সভায় শুধুই আলোচনা!

শরিফুজ্জামান পিন্টু ॥ শিক্ষাক্ষেত্রে অবিলম্বে বাস্তবায়নযোগ্য সংস্কারসমূহ চিহ্নিত করার জন্য গঠিত ৪৬ সদস্যের বিশেষজ্ঞ কমিটির প্রথম সভা মঙ্গলবার গোজামিলের মাধ্যমে শেষ হয়েছে। কোন সুপারিশ প্রণয়ন করা হয়নি , নেয়া হয়নি কোন সিদ্ধান্ত। কেবল শিক্ষাঙ্গনে বিদ্যমান পাহাড়সমান সমস্যা নিয়ে দীর্ঘ আলোচনা, অভিমত ও মতবিনিময় হয়েছে। শিক্ষাঙ্গনের বিভিন্ন সমস্যা সমাধানে সুপারিশ প্রণয়নের জন্য বিষয় ও খাতভিত্তিক বিশেষজ্ঞদের নিয়ে পৃথক পৃথক সাবকমিটি গঠনের কথা বলা হলেও তা কবে, কিভাবে গঠন হবে সে সম্পর্কেও কোন সিদ্ধান্ত হয়নি। তবে সরকার ঘোষিত এক শ' দিনের কর্মসূচীর মধ্যে সন্ত্রাসসহ শিক্ষাঙ্গনের বিভিন্ন সমস্যা সমাধানে সুপারিশ প্রণয়ন করা হবে বৈঠকে এ আশাবাদ ব্যক্ত করা হয়েছে। অথচ এক শ' দিন কর্মসূচীর আর মাত্র ২০ দিন বাকি। শেষদিকে এসে শিক্ষা মন্ত্রণালয়ের উচ্চপর্যায়ের বৈঠকে এ ধরনের নিষ্ফল আলোচনা হাসির খোরাক যুগিয়েছে। বৈঠকে গতানুগতিকভাবে

(১১ পৃষ্ঠা ১-এর কঃ দেখুন)

## শিক্ষাঙ্গনের সমস্যা (প্রথম পাতার পর)

সন্ত্রাস, ছাত্ররাজনীতি, শিক্ষক রাজনীতি ও নকলসহ বহুমুখী সমস্যা নিয়ে কেবল আলোচনাই হয়েছে।

গত ১২ নবেম্বর মন্ত্রিপরিষদের বৈঠকের সিদ্ধান্ত অনুযায়ী ৪৬ সদস্যের একটি বিশেষজ্ঞ কমিটি গঠন করা হয়। অর্ধশত দিন পর মঙ্গলবার শিক্ষা মন্ত্রণালয়ে এই কমিটি প্রথম বৈঠকে মিলিত হলো। কমিটির কাজ দেয়া হয় শিক্ষাক্ষেত্রে অবিলম্বে বাস্তবায়নযোগ্য সংস্কার চিহ্নিত